৩০/৯/২০০১

তারিখ ............
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ......

দৈনিক ইত্তেফাক

## এসএসসি-২০০২

# যারা দ্বিতীয় বার পরীক্ষায় বসতে যাচ্ছেন

২০০১ সালে অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য হয়েছে বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী। এদের অনেকে ২০০০ সালের পরীক্ষাতেও পাস করতে পারেনি। অনেকে আবার সুন্তুষ্ট নয় তাদের বর্তমান ফলাফলে। এ ধনের ছাত্র-ছাত্রী, যারা দ্বিতীয় ংবা তৃতীয়-চতুর্থ বারের মতো এসএসসি পরীক্ষায় বসতে যাচ্ছেন, তাদের জন্য বিজ্ঞপ্তি কাশ করেছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড।

- জিপিএ উন্নয়ন এবং আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়ে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষাদের নিজ নিজ বিদ্যালয় বরাবরে সাদা কাগজে আবেদনের শেষ তারিক ঃ২৫/১০/২০০১
- যে সব পরীক্ষার্থী জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পুনরায় পরীক্ষায় অংশ নিতে পারবে। তবে সব বিষয়ে পরীক্ষা দিতে হবে।
- ১৯৯৮ ও ১৯৯৯ সনের রেজিষ্ট্রেশনধারী ছাত্র-ছাত্রী যারা ২০০০ ও ২০০১ সনের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ নিতে পারবে।
- ২০০১ সনের এসএসসি পরীক্ষায় নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে (৪র্থ বিষয় বাদে) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে ২০০২ সালে পরীক্ষা দিতে পারবে যদি রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকে। এক্ষেত্রে নতুন করে জিপিএ নির্ধারিত হবে।
- ১৯৯৭ সনের রেজিষ্ট্রেশনেও পরীক্ষা দেয়া যাবে যদি ২০০১ সনের এসএসসি পরীক্ষায় এক বিষয়ে (এফ) গ্রেড প্রাপ্ত এবং জিপিএ ১.৫ বা তদূর্ধ্ব হয় (৪র্থ বিষয় বাদে)।
- ১৯৯৭ ও ১৯৯৮ সনের রেজিষ্ট্রেশনধারীদের জন্য কেবল ইংরেজী বিষয় ২০০০ (পুরাতন) পাঠ্যসূচীতে পরীক্ষা হবে।

বিস্তারিত তথ্যের জন্য পরীক্ষার্থীদেরকে স্ব স্ব বিদ্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে।